

# ঢাকাটাইমস

## এক ক্লিকেই মিলবে লেখক-প্রকাশক- বইয়ের তথ্য

প্রকাশ | ২১ আগস্ট ২০১৭, ১৩:৩৯



নিজস্ব প্রতিবেদক,  
ঢাকাটাইমস



লেখক, প্রকাশক ও সৃজনশীল বইয়ের তথ্য সম্বলিত তিনটি ওয়েবসাইট উদ্বোধন করা হয়েছে। এই তিনটি ওয়েবসাইটের সম্মিলিত নাম দেয়া হয়েছে ‘পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম’।

সম্প্রতি রাজধানীর একটি হোটেলে এ প্ল্যাটফর্মের উদ্বোধন করা হয়। তিনটি ওয়েবসাইট হলো- সৃজনশীল প্রকাশকদের তথ্য নিয়ে publishers.com.bd, সৃজনশীল লেখকদের জন্য authors.com.bd এবং সৃজনশীল বইয়ের তথ্য নিয়ে books.com.bd। বিশ্বের যেকোনো স্থান থেকে এক ক্লিকে এই তিনটি ওয়েবসাইটে জানা যাবে বাংলাদেশের প্রকাশক-লেখক-বইয়ের সব ধরনের তথ্য।

এ তিনটি ওয়েবসাইটের ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে থাকছে প্রকাশনা সংস্থা সময় প্রকাশনের ‘সময় নেট’ এবং যুক্তরাষ্ট্রভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান ‘আলফা নেট’।

ওয়েবসাইট কর্তৃপক্ষ জানান, এখান থেকে জানা যাবে দেশের দেড় শতাধিক সৃজনশীল প্রকাশক, দুই হাজার লেখক এবং আড়াই হাজার সৃজনশীল বইয়ের বিবরণ, লেখকের প্রোফাইল, প্রকাশনা প্রতিষ্ঠানের প্রোফাইল এবং প্রকাশিত বইয়ের তালিকার সঙ্গে বইয়ের প্রচ্ছদ ও পরিচিতি।

উদ্বোধন অনুষ্ঠানে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ইতিহাসবিদ অধ্যাপক মুনতাসীর মামুন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, গণমাধ্যম ব্যক্তিত্ব মুহাম্মদ জাহাঙ্গীর, প্রচ্ছদশিল্পী ধরুব এষ, লেখক মোস্তফা কামাল, মোস্তফা মামুন, হাসান হাফিজ, সুমন্ত আসলাম, শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম, অনুপম প্রকাশনীর মিলন কান্তি নাথ, কাকলি প্রকাশনীর এ কে নাছির আহমেদ সেলিম, অ্যাডর্ন পাবলিকেশনসের সৈয়দ জাকির হোসাইন, অনন্যার মনিরুল হক, অশ্বেষার শাহাদত হোসেন, নালন্দার রেদোয়ান জুয়েল, কথাপ্রকাশের জাসিম উদ্দিন, পার্লের হাসান জায়েদী প্রমুখ।

অনুষ্ঠানে পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের সার্বিক তথ্য তুলে ধরেন সময় প্রকাশনের প্রধান নির্বাহী ফরিদ আহমেদ ও আলফা নেটের প্রধান কর্মকর্তা আবু সুফিয়ান হায়দার ইমন।

(ঢাকাটাইমস/২১আগস্ট/এমএবি/জেবি)

৪৪, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোন: ৮৩১৪৯০১, ৮৩১৮৮৬৭, ফ্যাক্স : +৮৮-০২-৮৩১৮০৪৩

ই-মেইল: editor@dhakatimes24.com, info@dhakatimes24.com

নিউজের জন্য: dhakatimes24@yahoo.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০১২ - ২০১৭। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার সম্পূর্ণ বেআইনি এবং শাস্তিযোগ্য অপরাধ